

Class X

Bengali

Practice Questions, 2024-25

Set 4

1. সঠিক উত্তর বেছে লেখো : (1×3=3)

ক) অকস্মাৎ গোলপোস্টে লাগিয়া গোলরক্ষক মাথায় আঘাত পাইল। — চলিত ভাষায় রূপান্তর করলে হবে —

i) অকস্মাৎ গোলপোস্টে লেগে গোলরক্ষক মাথায় আঘাত পাইল।

ii) অকস্মাৎ গোলপোস্টে লেগে গোলরক্ষক আঘাত পাইয়াছিল।

iii) অকস্মাৎ গোলপোস্টে লেগে গোলরক্ষক মাথায় আঘাত পেল।

iv) অকস্মাৎ গোলপোস্টে লাগিয়া গোলরক্ষক মাথায় আহত হল।

খ) সৈনিকটিকে প্রহরীরা ধরে আনলে সে ব্যাকুল হয়ে পড়ল। — সাধু ভাষার রূপান্তর করলে হবে—

i) সৈনিকটিকে প্রহরীরা ধরিয়া আনিলে সে ব্যাকুল হয়ে পড়িল।

ii) সৈনিকটিকে প্রহরীগণ ধরে আনিলে সে ব্যাকুল হয়ে পড়ল।

iii) সৈনিকটিকে প্রহরীগণ ধরিয়া আনলে সে ব্যাকুল হয়ে পড়ল।

iv) সৈনিকটিকে প্রহরীগণ ধরিয়া আনিলে সে ব্যাকুল হইয়া পড়িল।

গ) এতে তাঁর অন্তঃকরণে অতিশয় ক্ষোভ জন্মেছিল। — সাধু ভাষায় রূপান্তর করলে হবে—

i) এতে তাঁর অন্তঃকরণে অতিশয় ক্ষোভ জন্মিয়াছিল।

ii) ইহাতে তাঁহার অন্তঃকরণে অতিশয় ক্ষোভ জন্মিয়াছিল।

iii) এতে তাঁর অন্তঃকরণে অতিশয় ক্ষোভ জন্মাবে।

iv) ইহাতে তাদের অন্তঃকরণে অতিশয় ক্ষোভ জন্মাচ্ছে।

2.সন্ধি যুক্ত করো : (1×4=4)

ক) বাক্ + আড়ম্বর =

খ) উদ্ + শ্বসিত =

গ) নিঃ + প্রভ =

ঘ) মনঃ + কামনা =

3.সন্ধি বিযুক্ত করো : (1×3=3)

ক) শরদিন্দু =

খ) নিরঙ্কুশ =

গ) চতুরানন =

4.নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো : (1×5=5)

ক) স্টেশনে পৌঁছলাম আর ট্রেনটিও ছাড়িয়া দিল। (সরল বাক্যে)

খ) বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটায় অনুষ্ঠানে ব্যাঘাত ঘটেছে। (জটিল বাক্যে)

গ) যাবার সময় চোখ দিয়ে টপটপ করে জল পড়তে লাগলো। (যৌগিক বাক্যে)

ঘ) গাছ বড়ো হলে গরু ছাগলে তার কোনো ক্ষতিই করতে পারে না। (জটিল বাক্যে)

ঙ) লতাপাতার মধ্যে অবস্থানকালে গায়ের রং হয় পাতার মতো সবুজ। (জটিল বাক্যে)

5. রেখাঙ্কিত পদগুলির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (1×5=5)

ক) পূজারী শুচিবস্ত্র পরিধান করিয়া দেবতার আরাধনা আরম্ভ করিলেন ।

খ) পাড়ার লোকে সেদিন গল্প-গুজবে মত্ত ছিল।

গ) প্রাচীনকালের সেই বয়নশিল্প আমাদের মুগ্ধ করল ।

ঘ) অনাবৃষ্টিতে মাঠ ফুটিফাটা হয়ে গেছে ।

ঙ) তহবিলের টাকা গরমিল হওয়ায় বিমল বাবু মুশকিলে পড়লেন।

Note :

You are supposed to complete the given questions within 20 minutes.